

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০২.২০১৫.১৩৭


তারিখ: ১২/০৩/২০১৮ খ্রি:

বিষয় : প্রধান শিক্ষক নিয়োগের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : অধ্যাপক গোলাম মোস্তফা, মাননীয় সংসদ সদস্য, নীলফামারী-৩ এর আবেদন।

উপর্যুক্ত বিষয়সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন বগুলাগাড়ী স্কুল এন্ড কলেজের একাদশ ও দ্বাদশ শ্রেণি (কলেজ পর্যায়ে) এম.পি.ও ভুক্ত নয়। কলেজ পর্যায়ে এম.পি.ও ভুক্ত না হওয়ায় অধ্যক্ষ নিয়োগের বিষয়টি এম.পি.ও নির্দেশিকা অনুযায়ী বিবেচ্য নয়।

০২. এমতাবস্থায়, নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন বগুলাগাড়ী স্কুল এন্ড কলেজের মাধ্যমিক পর্যায়ে এম.পি.ও ভুক্ত হওয়ায় জনবলকাঠামো অনুযায়ী বিদ্যালয় অংশে কাম্য অভিজ্ঞতা ও যোগ্যতা সম্পন্ন ব্যক্তিকে প্রধান শিক্ষক পদে নিয়োগদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(নুসরাত জাবীন বানু)
যুগ্মসচিব
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে :

০১. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
০২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. সভাপতি, বগুলাগাড়ী স্কুল এন্ড কলেজ, জলঢাকা, নীলফামারী।
০৪. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৫. যুগ্ম-সচিব (বেসরকারি মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।